গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৩৪৩.২০১৮-৭৭০৪

তারিখ: ২৬ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ
০৭ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ রিট পিটিশন নং-১২০১০/২০১৮ [পিটিশনার ড. রফিকুল ইসলাম খান, পিতা- আবুল হোসাইন খান, গ্রাম- তাতাপাড়া, মাধবদী পৌরসভা, থানা- মাধবদী, জেলা- নরসিংদী- বনাম- সরকার ও অন্যান্য] এর আরজীর আলোকে দফাওয়ারী জবাব প্রেরণ সংক্রান্ত।

সূত্রঃ হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-১২০১০/২০১৮ এর ২৫.৯.২০১৮ তারিখের রুলের কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নরসিংদী জেলার মাধবদী পৌরসভা কর্তৃক বাস্তবায়নকৃত প্রকল্প (package No. MGSP/MDI/2017-2018/W-04item no.2 R.C.C road and drain) ব্যক্তিগত সম্পত্তি (আর.এস.দাগ নং-৯০/১৭৬ এবং আর.এস. দাগ নং-২১, ২২) হতে অপসারনের (কপি সংযুক্ত) দাবিতে পিটিশনার কর্তৃক স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ৫ (পাঁচ) জনকে প্রতিপক্ষ করে এই রিটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তেঃ তর্কিত বাস্তয়নকৃত প্রকল্পটি কেন অবৈধ ঘোষণা করা হবে না সে মর্মে রুল ইস্যুপূর্বক প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালত package No. MGSP/MDI/2017-2018/W-04item no.2 R.C.C road and drain নির্মাণের এর উপর ৬ মাসের স্থিতাবস্থা বজায় রাখার এবং তর্কিত অপসারণের আবেদনটি গ্রহণের তারিখ হতে ৩০ দিনের মধ্যে নিষ্পত্তিকরণের আদেশ দিয়েছেন। রিটের মূল প্রতিপক্ষ মেয়র, মাধবদী পৌরসভা, নরসিংদী।

২. এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে উক্ত মামলার আরজির দফাওয়ারী জবাব এবং ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Defese) ও প্রাসঙ্গিক কাগজপত্র সত্যায়িত করে ২ (দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণে ব্যর্থ হলে দায়-দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তার উপর বর্তাবে।

সংযুক্ত:.....।

০৭.১১.১৮
নুমেরী জামান
উপসচিব
ফোনঃ ৯৫৪০৯৯৫
E-mail: dslaw1.lgd.gov@gmail.com

জেলা প্রশাসক
নরসিংদী ।

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপিঃ

১. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
৪. অফিস কপি/মাস্টার কপি।